(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)
www.sesip.gov.bd

স্মারক নং- মাউশি/সেসিপ/২-৪৯৬/সিকিউ (অংশ-৬)/২০১৯/৪৫৮১ তারিখ: ৩০.০৯.২০১৯ খ্রি.

বিষয় : মাধ্যমিক (এসএসসি/দাখিল) পর্যায়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণয়ন, পরিশোধন ও উত্তরপত্র মূল্যায়ন বিষয়ক মাঠ পর্যায়ের ০৬ (ছয়) দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-এর আওতায় ২০১৯-২০ অর্থবছরের প্রশিক্ষণ পরিকল্পনা অনুসারে মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের জন্য সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণয়ন, পরিশোধন ও উত্তরপত্র মূল্যায়ন বিষয়ক মাঠ পর্যায়ের ০৬ (ছয়) দিনব্যাপী প্রশিক্ষণ সংযুক্ত সূচি (সংলগ্নি 'ক') অনুসারে ৬৩ টি জেলায় আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। প্রশিক্ষণ কর্মসূচি জেলা সদরে আয়োজিত হবে এবং জেলা শিক্ষা অফিসার কর্মসূচি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবেন।

২। কর্মসূচি সঠিকভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে:

ক. বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচি জেলা সদরে জেলা শিক্ষা অফিসের তত্ত্বাবধানে আয়োজিত হবে। প্রোগ্রাম সমন্বয়ক হিসাবে জেলা শিক্ষা অফিসারের সাথে সংশ্লিষ্ট ভেন্যু প্রধান এবং ডিস্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটর প্রতিদিন সম্মিলিতভাবে প্রোগ্রাম আয়োজনের দায়িত্ব পালন করবেন। প্রধান প্রশিক্ষক কর্মসূচি আয়োজনে সার্বিক সহযোগিতা করবেন। একজন কর্মকর্তা একদিনে একাধিক সম্মানী প্রাপ্য হবেন না।

খ. কর্মসূচির জন্য যথাসম্ভব ০১টি ভেন্যু নির্বাচন করতে হবে। ভেন্যু নির্বাচনে পর্যাপ্ত আলো বাতাস, প্রক্ষালন ব্যবস্থা, যোগাযোগ ব্যবস্থা ও লজিস্টিক সুবিধাকে প্রাধান্য দিতে হবে।

গ. আনুমানিক ৪০ জন অংশগ্রহণকারীর জন্য একটি কক্ষের ব্যবস্থা করতে হবে। প্রথম পর্যায়ে মোট পাঁচটি গুচ্ছ/ বিষয়ের (সংলগ্নি 'খ') যথা (১) বাংলা, (২) গণিত, (৩) বিজ্ঞান, (৪) বাংলাদেশ ও বিশ্বপরিচয়, (৫) ব্যবসায় শিক্ষা'র জন্য প্রশিক্ষণ আয়োজিত হবে। কর্মসূচিতে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী শিক্ষকগণকে গুচ্ছভিত্তিক প্রতিটি বিষয়ের ম্যানুয়েল ১টি করে প্রদান করতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ের পাঠ্যপুস্তক সঙ্গে আনার নির্দেশনা প্রদান করতে হবে। প্রতিটি গুচ্ছ/ বিষয়ের জন্য ১টি করে কক্ষের ব্যবস্থা করতে হবে। প্রতিটি ভেন্যুতে কর্মসূচি পরিচালনার জন্য একটি পৃথক নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করতে হবে।

ঘ. পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট বিষয়ের (বাংলা, গণিত, বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং ব্যবসায় শিক্ষা) শিক্ষকগণ এ প্রশিক্ষনের আওতায় আসবেন। একজন শিক্ষক শুধুমাত্র একটি বিষয়ে এবং একবারই এ প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবেন । প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র ছাড়া কোন শিক্ষক কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবেন না।

ঙ. প্রশিক্ষণ কর্মসূচি প্রতিদিন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত চলবে (দুপুরের নামাজ ও খাবারের জন্য ১ ঘন্টা বিরতি থাকবে, শুক্রবার মধ্যাহ্ন বিরতি ০১:০০ থেকে ২:৩০ পর্যন্ত হবে এবং কর্মসূচি বিকাল ৫:০০টার পরিবর্তে ৫:৩০ মিনিটে শেষ হবে)।

চ. মাস্টার ট্রেইনারগণ ম্যানুয়ালের সকল বিষয়বস্তু ৬ দিনের মধ্যে সম্পন্ন করবেন। দায়িত্বপ্রাপ্ত মাস্টার ট্রেইনারগণ সংশ্লিষ্ট কক্ষের হাজিরা গ্রহণ করবেন। প্রশিক্ষণ শুরুর দিন দুপুর ১২ ঘটিকার মধ্যে হাজিরা সিটের সর্বশেষ প্রশিক্ষণার্থীর স্বাক্ষরের নীচে মাস্টার ট্রেইনারগণ নিজ নিজ স্বাক্ষর প্রদান করবেন। ভেন্যু প্রধান প্রতিটি কক্ষের হাজিরা সিটে প্রতি স্বাক্ষর করবেন।

ছ. প্রোগ্রাম সমন্বয়ক/ ডিস্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটর আবশ্যিকভাবে কর্মসূচির ১ম দিনে দুপুর ১২ টার মধ্যে অংশগ্রহণকারী শিক্ষকদের বিষয়ভিত্তিক সংখ্যা (মহিলা ও পুরুষ বিভাজনসহ) এবং হাজিরা সিটের স্ক্যানড কপি জাতীয় পরিচয়পত্রের নম্বরসহ ই-মেইলে spsu.training2017@gmail.com প্রেরণ করবেন।

জ. প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষকদের (মহিলা ও পুরুষ বিভাজনসহ) একটি ডাটাবেজ (Excel সিটে মোবাইল নাম্বারসহ ইংরেজিতে) তৈরি করে কর্মসূচি শেষ হওয়ার ০৫ (পাঁচ) দিনের মধ্যে spsu.training2017@gmail.com ই-মেইলে সফটকপি প্রেরণ করতে হবে। একইসাথে তা মাউশি'র EMIS এর Training Management Module এ Upload করতে হবে। প্রশিক্ষণ কর্মসূচির স্থিরচিত্র ধারণ করে কয়েকটি কপি প্রশিক্ষণার্থীদের তালিকার সাথে প্রেরণ করতে হবে।

ঝ. প্রশিক্ষণ কর্মসূচিতে সংশ্লিষ্ট শিক্ষক/প্রশিক্ষক/কর্মকর্তাবৃন্দ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাজেট অনুসারে (সংলগ্নি 'গ') ভাতাদি প্রাপ্য হবেন ।

ঞ. প্রশিক্ষণ কর্মসূচি শেষ হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে খাতভিত্তিক সংক্ষিপ্ত ব্যয় বিবরণী (**Summary Expenditure Statement**) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হতে প্রাপ্ত সমন্বয় আদেশের কপিসহ যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে। সমস্ত ব্যয় ভাউচারের কপি নিরীক্ষা কার্যক্রমের জন্য নিজ নিজ দপ্তরে সংরক্ষণ করতে হবে।

ট. প্রশিক্ষণে প্রতিদিন সকালের নাস্তা ও বিকালের চা-এর ব্যবস্থা করতে হবে এবং দুপুরের খাবার পরিবর্তে নির্ধারিত ভাতা (নগদ অর্থ) প্রদান করতে হবে।

৩। বর্ণিত কর্মসূচির মাস্টার ট্রেইনারগণের বিষয়ভিত্তিক নামের তালিকা শীঘ্রই সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসে প্রেরিত হবে। জেলা শিক্ষা অফিসারগণ তালিকাভুক্ত মাস্টার ট্রেইনারগণের সাথে যোগাযোগের মাধ্যমে কর্মসূচিতে তাঁদের উপস্থিতি নিশ্চিত করবেন তবে নির্বাচিত কোন মাস্টার ট্রেইনার কর্মসূচিতে অংশগ্রহণে অপারগ হলে রিজার্ভ হিসেবে তালিকাভূক্ত মাস্টার ট্রেইনারের সাথে যোগাযোগ করবেন।

৪। প্রধান প্রশিক্ষককে সার্বক্ষণিক ভেন্যুতে উপস্থিত থেকে অন্যান্য প্রশিক্ষক ও কো-অর্ডিনেটরগণকে প্রশিক্ষণ আয়োজনে সহায়তা প্রদান, প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয় ও গুণগত মান নিশ্চিত করতে হবে। প্রতিকক্ষে দুইজন মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ পরিচালনা করবেন।

৬। উক্ত কর্মসূচি সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে ড. মোঃ মোরশীদুল হাসান, সহকারী পরিচালক (প্রোগ্রাম-২), টেলিফোনঃ ৯৫৫৫০০৭ অথবা মোহাম্মদ সাজ্জাদ হোসেন, প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২), টেলিফোনঃ ৯৫৭৩৮৪৩, এসপিএসইউ, সেসিপ এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

৩০/৯

(মোঃ আবু ছাইদ শেখ)
অতিরিক্ত সচিব ও
যুগ্ম প্রোগ্রাম পরিচালক
টেলিফোনঃ ৯৫৫৩৭১২

জেলা শিক্ষা অফিসার :
সকল জেলা (রংপুর জেলা ব্যতীত)।

স্মারক নং- মাউশি/সেসিপ/২-৪৯৬/সিকিউ (অংশ-৬)/২০১৯/৪৫৮১ তারিখঃ ৩০.০৯.২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ- অতিরিক্ত সচিব (উন্নয়ন)]।
২. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. এ্যাডজুটেন্ট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।
৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (BEDU, সেসিপ, BISE'র কর্মকর্তাগণকে প্রশিক্ষণ পরিদর্শনে প্রেরণের অনুরোধসহ)।
৫. পরিচালক (মাধ্যমিক/প্রশিক্ষণ/ পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাউশি, সকল অঞ্চল (অধীক্ষেত্রাধীন জেলাসমূহের জেলা শিক্ষা অফিসারের সাথে যোগাযোগের মাধ্যমে প্রশিক্ষণ কর্মসূচি পর্যবেক্ষণের অনুরোধসহ)।
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৮. জেলা প্রশাসক, -----------------------------------------------(কর্মসূচি আয়োজনে সহযোগিতার অনুরোধসহ)।
৯. উপ-পরিচালক (সকল), সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
১০. অধ্যক্ষ ------------------(অধীনস্থ কর্মকর্তাকে কর্মসূচিতে অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১১. প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-৩), এসপিএসইউ, সেসিপ (**www.sesip.gov.bd** ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সকল জেলা (প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় অগ্রিম প্রদানের অনুরোধসহ)।
১৩. প্রধান শিক্ষক/সুপার-------------------------------------(কর্মসূচিতে অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১৪. উপজেলা মাধ্যামক শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা (জেলা শিক্ষা অফিসারের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, এসপিএসইউ, সেসিপ---------------(সংশ্লিষ্ট জেলায় প্রয়োজনীয় বরাদ্দ প্রদানে ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৬. জনাব --------------------------------------(নির্ধারিত তারিখে যথাসময়ে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনের অনুরোধসহ)।
১৭. সংরক্ষণ নথি।

০৩/১০/১৯

(ড. মো. মোরশীদুল হাসান)
সহকারী পরিচালক, প্রোগ্রাম-২
টেলিফোনঃ ৯৫৫৫০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)

(সংশোধিত)
সংলগ্নি 'ক'

# CQ Training Schedule October 2019

| SL | District SL | VENUE | 12 -17 October 2019 | | | 20-25 October 2019 | | | Total | | | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | NT | R | MT | NT | R | MT | NT | R+1 | MT+1 | |
| 1 | 1 | Bagerhat | | | | 200 | 5 | 10 | 200 | 6 | 11 | |
| 2 | 2 | Bandarban | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 3 | 3 | Barguna | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 4 | 4 | Barishal | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 5 | 5 | Bhola | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 6 | 6 | Bogura | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 7 | 7 | Brahmanbaria | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 8 | 8 | Chandpur | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 9 | 9 | Chapainawabganj | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 10 | 10 | Chattagram | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 11 | 11 | Chuadanga | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 12 | 12 | Cumilla | | | | 200 | 5 | 10 | 200 | 6 | 11 | |
| 13 | 13 | Cox's Bazar | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 14 | 14 | Dhaka | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 15 | 15 | Dinajpur | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 16 | 16 | Faridpur | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 17 | 17 | Feni | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 18 | 18 | Gaibandha | | | | 200 | 5 | 10 | 200 | 6 | 11 | |
| 19 | 19 | Gazipur | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 20 | 20 | Gopalganj | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 21 | 21 | Habiganj | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 22 | 22 | Jamalpur | | | | 200 | 5 | 10 | 200 | 6 | 11 | |
| 23 | 23 | Jashore | | | | 200 | 5 | 10 | 200 | 6 | 11 | |
| 24 | 24 | Jhalokati | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 25 | 25 | Jhenaidah | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 26 | 26 | Joypurhat | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 27 | 27 | Khagrachhari | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 28 | 28 | Khulna | | | | 200 | 5 | 10 | 200 | 6 | 11 | |
| 29 | 29 | Kishoreganj | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 30 | 30 | Kurigram | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 31 | 31 | Kushtia | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 32 | 32 | Lakshmipur | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 33 | 33 | Lalmonirhat | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 34 | 34 | Madaripur | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 35 | 35 | Magura | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 36 | 36 | Manikganj | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 37 | 37 | Meherpur | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 38 | 38 | Moulvibazar | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 39 | 39 | Munshiganj | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 40 | 40 | Mymensingh | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 41 | 41 | Naogaon | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 42 | 42 | Narail | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 43 | 43 | Narayanganj | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 44 | 44 | Narsingdi | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 45 | 45 | Natore | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 46 | 46 | Netrakona | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 47 | 47 | Nilphamari | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 48 | 48 | Noakhali | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 49 | 49 | Pabna | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 50 | 50 | Panchagarh | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 51 | 51 | Patuakhali | | | | 200 | 5 | 10 | 200 | 6 | 11 | |
| 52 | 52 | Pirojpur | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 53 | 53 | Rajbari | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 54 | 54 | Rajshahi | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 55 | 55 | Rangamati | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 56 | 56 | Rangpur | | | | | | | 0 | 0 | 0 | |
| 57 | 57 | Satkhira | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 58 | 58 | Shariatpur | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 59 | 59 | Sherpur | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 60 | 60 | Sirajganj | | | | 200 | 5 | 10 | 200 | 6 | 11 | |
| 61 | 61 | Sunamganj | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 62 | 62 | Sylhet | | | | 200 | 5 | 10 | 200 | 6 | 11 | |
| 63 | 63 | Tangail | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 64 | 64 | Thakurgaon | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| | | Total | 10800 | 270 | 540 | 1800 | 45 | 90 | 12600 | 378 | 693 | |
| | Batch/ Districwise (NBDW) | | 54 | | | 9 | | | | | | |

| P | NT | NBDW |
|---|---|---|
| 1 | 10800 | 54 |
| 2 | 1800 | 9 |
| Total | 12600 | 63 |

NT-Number of Trainee
R-Number ofRoom
NBDW- Number of Batch, Districtwise

সংলগ্নি 'খ'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)

বিষয় : মাধ্যমিক/ দাখিল (৬ষ্ঠ থেকে ৮ম) পর্যায়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণয়ন, পরিশোধন ও উত্তরপত্র মূল্যায়ন বিষয়ক মাঠ পর্যায়ের প্রশিক্ষণের নিমিত্ত গুচ্ছসমূহ।

| ক্রম | শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত সৃজনশীল প্রশ্ন পদ্ধতির ২৩ টি বিষয় | সৃজনশীল প্রশ্ন পদ্ধতি বিষয়ক মাঠ পর্যায়ের প্রশিক্ষণের নিমিত্ত গুচ্ছ সমূহ |
|---|---|---|
| ১. | বাংলা ১ম পত্র (১০১) | বাংলা (১০১) |
| ২. | গণিত (১০৯), উচ্চতর গণিত (১২৬) | গণিত (১০৯,১২৬) |
| ৩. | পদার্থ বিজ্ঞান (১৩৬), রসায়ন (১৩৭), জীববিজ্ঞান (১৩৮), বিজ্ঞান/ সাধারণ বিজ্ঞান (১২৭) | বিজ্ঞান (১৩৬, ১৩৭, ১৩৮, ১২৭) |
| ৪. | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (১৫০),<br>ভূগোল ও পরিবেশ (১১০),<br>অর্থনীতি (১৪১),<br>পৌরনীতি ও নাগরিকতা (১৪০),<br>বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (১৫৩) | সামাজিক বিজ্ঞান/বাংলাদেশ ও বিশ্বপরিচয় (১৫০, ১১০, ১৪০, ১৪১, ১৫৩) |
| ৫. | হিসাব বিজ্ঞান (১৪৬), ফিনান্স ও ব্যাংকিং (১৫২), ব্যবসায় উদ্যোগ (১৪৩) | ব্যবসায় শিক্ষা (১৪৬, ১৫২, ১৪৩) |
| ৬. | কৃষিশিক্ষা (১৩৪) | কৃষি (১৩৪) |
| ৭. | ইসলাম ও নৈতিক শিক্ষা (১১১) | ইসলাম ও নৈতিক শিক্ষা (১১১) |
| ৮. | হিন্দুর্ধম ও নৈতিক শিক্ষা (১১২) | হিন্দুর্ধম ও নৈতিক শিক্ষা (১১২) |
| ৯. | বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা (১১৩) | বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা (১১৩) |
| ১০. | খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা (১১৪) | খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা (১১৪) |
| ১১. | গার্হস্থ্য বিজ্ঞান (১৫১) | গার্হস্থ্য (১৫১) |
| ১২. | কুরআন মাজীদ (মাদ্রাসা) | কুরআন মাজীদ (মাদ্রাসা) |
| ১৩. | ইসলামের ইতিহাস (মাদ্রাসা) | ইসলামের ইতিহাস (মাদ্রাসা) |

** মাঠ পর্যায়ের ০৬ দিনব্যাপী প্রশিক্ষণে অংশগ্রহণকারী শিক্ষকগণকে গুচ্ছসংশ্লিষ্ট প্রতিটি বিষয়ের একটি (০১) টি করে ম্যানুয়েল প্রদান করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.২০.০০১.১৮.২০৭

তারিখ: ২ আষাঢ় ১৪২৬
১৬ জুন ২০১৯

প্রাপক:
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা

বিষয়: **সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম এর আওতায় 'সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন, পরিশোধন এবং উত্তরপত্র মূল্যায়ন' বিষয়ক মাঠ পর্যায়ের শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচির বাজেট অনুমোদন**

সূত্র: মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৩০৯/প্রশিক্ষণ/২০১৭/৪০০৯, তারিখ: ৩০.০৫.২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর প্রস্তাব অনুসারে নিম্নোক্ত শর্তে 'সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন, পরিশোধন এবং উত্তরপত্র মূল্যায়ন' বিষয়ক মাঠ পর্যায়ের শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচির ৬৪ টি ব্যাচে মোট ১১,১১,৭৬,৯৬০.০০ (এগারো কোটি এগারো লক্ষ ছিয়াত্তর হাজার নয়শত ষাট) টাকার বাজেট নিম্নোক্ত বিভাজন অনুযায়ী নির্দেশক্রমে অনুমোদন করা হলো:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| আয়োজক: ৬৪টি জেলা শিক্ষা কার্যালয় | | | | | |
| মোট অংশগ্রহণকারীর সংখ্যা: ১২,৮০০ (বারো হাজার আটশত) জন। | | প্রতিব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা: ২০০ জন। | | | |
| মোট ব্যাচ সংখ্যা: ৬৪ (চৌষট্টি)। প্রতিব্যাচে দিনের সংখ্যা: ০৬ (ছয়) | | প্রতিব্যাচে কক্ষ সংখ্যা: ০৫ (পাঁচ)। | | | |
| প্রতি ব্যাচে প্রাক্কলিত ব্যয় | | | | | |
| ক্রম | ব্যয় খাত | একক | পরিমাণ | একক হার | মোট ব্যয় |
| ১.০ | সম্মানী/দৈনিক-ভাতা/ভ্রমণ-ভাতা | | | | |
| ১.১ | মাস্টার ট্রেইনারগণের সম্মানী (২*৫*৬+১*৬)১ | জন/দিন | ৬৬ | ১০০০ | ৬৬০০০ |
| ১.২ | প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণ ভাতা (২০০*৬) | জন/দিন | ১২০০ | ৭০০ | ৮৪০০০০ |
| ১.৩ | প্রোগ্রাম সমন্বয়কের সম্মানী (৩*৬) | জন/দিন | ১৮ | ১২০০ | ২১৬০০ |
| ১.৪ | মাস্টার ট্রেইনারগণের ভ্রমণ-ভাতা (রিটার্ন ট্রিপ) (১১*১) | জন | ১১ | ১৫০০ | ১৬৫০০ |
| ১.৫ | প্রশিক্ষণার্থীদের ভ্রমণ-ভাতা (রিটার্ন ট্রিপ) | জন | ২০০ | ৮০০ | ১৬০০০০ |
| ১.৬ | প্রশিক্ষণার্থী ও মাস্টার ট্রেইনারগণের স্থানীয় যাতায়াত ভাতা (ভেন্যু থেকে ৮ কিমি ব্যাসার্ধের মধ্যে (২০০*৬+১১*৬) | জন/দিন | ১২৬৬ | ১০০ | ১২৬৬০০ |
| ১.৭ | ওয়ার্ড প্রসেসরদের ভাতা (১*৬) | জন/দিন | ৬ | ৩০০ | ১৮০০ |
| ১.৮ | সাপোর্ট সার্ভিসের ভাতা (৩*৬) | জন/দিন | ১৮ | ২০০ | ৩৬০০ |
| ২.০ | কর্মসূচি ব্যয় | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২.১ | প্রশিক্ষণ ভেন্যু ব্যবস্থাপনা (মনিটরিং ভিজিট, ফটোকপি, কক্ষ পরিচ্ছন্নতা. প্রশিক্ষণার্থীগণের জন্য খাবার পানি, টিস্যু বক্স ইত্যাদি) (৫*৬) | প্রকৃত | | | ৮০০০ |
| ২.২ | প্রশিক্ষণকালীন লাঞ্চ (প্রশিক্ষণার্থী ১২০০ + মাস্টার ট্রেইনার ৬৬ + প্রোগ্রাম সমন্বয়ক ১৮ + ওয়ার্ড প্রসেসর ৬ + সাপোর্ট সার্ভিস ১৮) | জন/দিন | ১৩০৮ | ২৫০ | ৩২৭০০০ |
| ২.৩ | প্রশিক্ষণকালীন সকাল ও বিকালের নাস্তা | জন/দিন | ১৩০৮ | ১০০ | ১৩০৮০০ |
| ২.৪ | প্রশিক্ষণার্থী, প্রশিক্ষক ও প্রোগ্রাম সমন্বয়কের ফোল্ডার, প্যাড, কলম ইত্যাদি (২০০+১৪) | জন/দিন | ২১৪ | ১৬০ | ৩৪২৪০ |
| ২.৫ | প্রশিক্ষণ সামগ্রী (পোস্টার পেপার, মার্কার, ফ্লীপচার্ট) | প্রোগ্রাম/কক্ষ | ৫ | ২০০ | ১০০০ |
| মোট: | | | | | ১৭৩৭১৪০ |
| (কথায়:টাকা সতেরো লক্ষ সাঁইত্রিশ হাজার একশত চল্লিশ মাত্র) | | | | | |
| এরুপ ৬৪টি ব্যাচে মোট ব্যয় (৬৪*২১,১৭,৩৭,১৪০.০০) টাকা = ১১,১১,৭৬,৯৬০.০০ (এগারো কোটি এগারো লক্ষ ছিয়াত্তর হাজার নয়শত ষাট) টাকা মাত্র। | | | | | |

শর্তসমূহ:

(ক) এ অর্থ ব্যয়ে সরকারি সকল বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে;

(খ) প্রশিক্ষণ শেষে ব্যয় বিবরণী যথাসময়ে এ বিভাগে দাখিল করতে হবে;

(গ) বর্ণিত বিষয়ে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে এ জন্য ব্যয়কারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

(ঘ) সেসিপ কর্তৃপক্ষ প্রশিক্ষণের ভেন্যু, তারিখ ও সময়সহ বিস্তারিত কর্মসূচি প্রশিক্ষণ শুরুর পূর্বেই এ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন; এবং

(ঙ) বর্ণিত প্রশিক্ষণের ব্যয়ের অগ্রীম উত্তোলনের ক্ষেত্রে মন্ত্রণালয়ের পূর্বানুমোদন গ্রহন করতে হবে।

...

১৬-৬-২০১৯
নাসরীন মুক্তি
উপসচিব

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.২০.০০১.১৮.২০৭/১

তারিখ: ২ আষাঢ় ১৪২৬
১৬ জুন ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

২) যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ,, শিক্ষা ভবন, ঢাকা

৩) অফিস, মাস্টার কপি

১৬-৬-২০১৯
নাসরীন মুক্তি
উপসচিব